



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

## প্রেস রিলিজ

তারিখঃ ২২/০২/২০১৯খ্রিঃ

## বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা বার্ষিকীতে বর্নাচ্য আনন্দ র্যালি

বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসনের আয়োজনে বের হয় এক বর্নাচ্য আনন্দ র্যালি। ২০১১ সালের এই দিনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন, সেই থেকে এ দিনটি বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস হিসেবে পালিত হয়ে আসছে। বিশ্ববিদ্যালয় দিবসকে বরণ করে নিতে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে নেয়া হয় নানা কর্মসূচি। সকাল ৯ ঘটিকায় জাতীয় সঙ্গীতের মাধ্যমে জাতীয় পতাকা, বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন এবং বেলাল ও ফেস্টুন উড়ানোর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ এর উদ্বোধন করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক, বিশেষ অতিথি বরিশাল বিভাগের বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) ও বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিন্ডিকেট সদস্য রাম চন্দ্র দাস এবং কর্নেল জিএস ডিজিএফআই বরিশাল কর্নেল জি এম শরিফুল ইসলাম। এ সময় ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসানসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের উর্ধ্বতনরা উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষে সকাল ৯.৩০ ঘটিকায় মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে অনুষ্ঠিত আনন্দ র্যালি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে থেকে বরিশাল-পটুয়াখালী-ভোলা মহাসড়ক হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়। র্যালিতে বিশেষ অতিথিবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, সম্মানিত সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় প্রধানগণ, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, ছাত্র উপদেষ্টাবৃন্দ, শিক্ষকমণ্ডলী, দপ্তর প্রধানগণ, কর্মকর্তাবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ, ২৪টি বিভাগ, ৩টি হল, বিএনসিসি সেনা ও নৌ শাখা, রোভার স্কাউটসহ কর্মচারীরা উপস্থিত ছিলেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৮ম প্রতিষ্ঠা বার্ষিকীর এ মাহেদ্রক্ষনে এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্বপ্নদ্রষ্টা স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং একইসাথে তাঁর সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার হাত দিয়ে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হওয়ায় উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পাশাপাশি বরিশাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা আন্দোলনের সাথে যারা জড়িত ছিলেন তাঁদেরসহ সমগ্র বরিশালবাসি, রাজনৈতিক নেতৃবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, স্থানীয় প্রশাসন, সুশীল সমাজ এবং গণমাধ্যমের প্রতিও তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাফল্য ও অগ্রগতি কামনা করেন। অনুষ্ঠানের ২য় পর্বে বিশ্ববিদ্যালয়ের মুক্তক্ষেত্রে অনুষ্ঠিত হবে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন এবং বিশ্ববিদ্যালয় দিবস ২০১৯ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস